প্রধান শিক্ষকের বাণী

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত অভিভাবক/ অভিভাবকবৃন্দ।

আসসালামু আলাইকুম। শুরুতে মহান আল্লাহ পাকের আলিশান দরবারে লাখো কোটি শুকরিয়া আদায় করছি। রাসূল পাক (সা:) এর প্রতি লাখো কোটি দরূদে ও সালাম প্রেরণ করছি। অত্র বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য যারা অক্লান্ত পরিশ্রম করেছেন, বিদ্যালয়ের জন্য ভূমি দান করেছেন এবং বিদ্যালয়ের ভবন নির্মাণ করে দিয়েছেন তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। যার নেতৃত্ব এই প্রতিষ্ঠান এগিয়ে যাচ্ছে ম্যানেজিং কমিটির সম্মানিত সভাপতি জনাব আলহাজ্ব লায়ন মোহাম্মদ হাকিম আলী। ১৯৯৭ সালে বিদ্যালয়টি মাত্র ৫ জন শিক্ষার্থী নিয়ে অত্র বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও ভূমিদাতা জনাব আলহাজ্ব আজিম আলী সাহেবের বাংলো থেকে যাত্রা শুরু করে। অত্র বিদ্যালয়টি কর্ণফুলী উপজেলা সহ পুরো পটিয়ার কিন্ডারগার্টেন পদ্ধতির প্রথম বিদ্যালয়। অত্র বিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে শুধু কর্ণফুলীতে এখন ৫০টি কিন্ডারগার্টেন গড়ে উঠেছে। তবে অত্র প্রতিষ্ঠানটি নিজস্ব স্বকীয়তা, শ্রেষ্ঠত্ব, বৈশিষ্ট্য ধরে রেখেছে। অত্র উপজেলায় কিন্ডারগার্টেনের পাশাপাশি ৮টি ঐতিহ্যবাহী উচ্চ বিদ্যালয় ও ৩টি মাদ্রাসা এছাড়া বেসরকারী আরো অনেক শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। তবে অত্র বিদ্যালয়টি পাঠদান পদ্ধতি, এস.এস.সি পরীক্ষা সহ সব ধরনের সহ পাঠ্যনুক্রমিক কার্যক্রম ও পাবলিক পরীক্ষায় ধারাবাহিক ভালো ফলাফল অব্যহত থাকায় বিশেষ করে ২০২২ সাল থেকে ২০২৬ সাল পর্যন্ত কর্ণফুলী উপজেলায় এস.এস.সি পর্যায়ে ভালো ফলাফলের রেকর্ড অত্র বিদ্যালয়ের দখলে থাকায় পুরা উপজেলার সর্বত্র অত্র বিদ্যালয়ের সুনাম ছড়িয়ে পড়েছে বিধায় উপজেলাবাসীর প্রথম পছন্দ এখন আজিম হাকিম স্কুল এন্ড কলেজ। যার ফলে অত্র বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যাও কর্ণফুলী উপজেলায় যে কোনো বিদ্যালয়ের চেয়ে অনেক বেশি আলহামদুল্লাহ। তাছাড়া ২০২৪ সাল ও ২০২৬ সালে অত্র প্রতিষ্ঠান কর্ণফুলী উপজেলায় শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচিত হয়েছে। এটা আমাদের জন্য বিশাল একটি মাইলফলক।

দক্ষ পরিচালনা পর্ষদ ; একদল প্রশিক্ষণ প্রাপ্ত অভিজ্ঞ শিক্ষক/শিক্ষিকাসহ কর্ণফুলী উপজেলায় সেরা স্কাউট টিম উপজেলায় ২০২৩ সালে বিতর্ক প্রতিযোগিতায় বারবার চ্যাম্পিয়ন হওয়া উপজেলায় সেরা বিতর্ক টিম। শীতকালীন ও গ্রীষ্মকালীন খেলাধুলায় ৭০% ইভেন্টে চ্যাম্পিয়ন হওয়া বিভিন্ন ক্রীড়ায় টিম সহ দৃষ্টিনন্দন স্কুল ক্যাম্পাস অত্র বিদ্যালয়টি কর্ণফুলী উপজেলাবাসীর গর্ব। সুদক্ষ পরিচালনা পর্ষদের সুদক্ষ, অভিজ্ঞ ও প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকদের প্রাণবন্ত পাঠদান, মেধাবী শিক্ষার্থীদের কৃতিত্বপূর্ণ ফলাফল এবং অভিভাবক/অভিভাবিকা ও এলাকাবাসীদের সহযোগিতায় অত্র প্রতিষ্ঠান অতি শীঘ্রই পুরো চট্টগ্রাম দেশের প্রথম সারির শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীয় শ্রেষ্ঠত্ব তুলে ধরবে।